

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭২৩

আগরতলা, ১২ জানুয়ারি, ২০২৬

৪৪তম আগরতলা বইমেলায় দশম

দিনে ২০,৪৫,৬১৪ টাকার বই বিক্রি

৪৪তম আগরতলা বইমেলায় আজ ছিল একাদশতম দিন। আজ সন্ধ্যায় বইমেলায় স্বামী বিবেকানন্দ মঞ্চের রাজ্যের প্রখ্যাত শিল্পীগণ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। গতকাল বইমেলায় দশম দিনে ২০,৪৫,৬১৪ টাকার বই বিক্রি হয়েছে।

আজ একাদশতম দিনে কবি সম্মেলনে সর্বমোট ৪২ জন কবি অংশগ্রহণ করেন। কবি সম্মেলনে মগ, হালাম (বঙ্গাই), চাকমা ও মণিপুরী সম্প্রদায়ের কবিরাও অংশ নেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিশিষ্ট কবি ও সাহিত্যিক ওয়াংখেম বীরমঙ্গল। পরবর্তীতে একটি সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারের বিষয় ছিল ‘পরিব্রাজক বিবেকানন্দ: ভারত ভ্রমণ থেকে আন্তর্জাতিক চেতনা’। সেমিনারে আলোচনা করেন রামকৃষ্ণ মিশন বিদ্যালয়ের (বিবেকনগর) উপাধ্যক্ষ মহারাজ স্বামী বুদ্ধিরূপানন্দ, বিশিষ্ট ব্যক্তিত্ব ডা. প্রত্যাষ দেব এবং নিয়তি রায় বর্মণ। আগামীকাল কবি সম্মেলনে খোয়াই ও পশ্চিম ত্রিপুরা জেলার কবিগণ অংশগ্রহণ করবেন। একই দিনে ‘বন্দেমাতরম শিল্পী ও সাহিত্যিকদের চোখে’ শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হবে। এছাড়াও দর্শক ও বিভিন্ন বিদ্যালয়-কলেজের ছাত্রছাত্রীদের মধ্যে প্রতিযোগিতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হবে।

\*\*\*\*\*